মেহেরপুরে মুরুব্বীদের ১০ তম মিলন মেলা

মেহেরপুর জেলার ৪৭ গ্রামের ৬ শতাধিক বয়োবৃদ্ধদের নিয়ে ১০তম ‘মুরুব্বীদের মিলন মেলা’ হয়েছে সদর উপজেলার কুলবাড়িয়া হাইস্কুল মাঠে। জেলার ৪৭ গ্রামের মুরুব্বীরা কেউ লাঠিতে ভর করে, কেউ যাত্রিবাহী বাসে, ইজিবাইকে, কেউবা বাইক চালিয়ে আজ শুক্রবার সকালে কুলবাড়িয়া স্কুল মাঠে জড়ো হয়।

সকালে তাদের দেয়া হয় দই, মুড়ি মুড়কি, কলা, গুড় দিয়ে নাস্তা। দুপুরে দেয়া হয় সাদা ভাত, খাসির মাংস, সবজি, ডাল।

সকালে প্রথম পর্বে উন্মুক্ত আলোচনা, কে কেমন আছেন, শিশুকাল, যুবককাল ও বর্তমান কাল নিয়ে স্মৃতিচারণ কথা। ২য় পবের্ জুম্মার নামাজ শেষে দুপুরের খাওয়ার পরে মেলায় আলোচনা অনুষ্ঠানে কুতুব উদ্দীনের সভাপতিত্বে বক্তব্য রাখেন খায়রুল ইসলাম, রফিকুল মোল্লা, আবদুর রহমান, সাইদুর রহমান, আবদুস জোহা, রুহুল আমিন, সাজেদুর রহমান প্রমুখ। মেলায় সিদ্ধান্ত হয় আগামীতে প্রতিটি গ্রামের সামর্থবান মুরুব্বিরা নিজ নিজ গ্রামের মুরুব্বিদের নিজ দায়ীত্বে সাথে করে মিলন মেলাতে নিয়ে আসার।

কুলবাড়িয়া থেকে তিন কিলোমিটার দুর ককুতুবপুর থেকে লাঠিতে ভর করে এই মেলায় আগত আমিরুল ইসলাম বলেন- বয়সের ভারে চলতে পারিনা। তারপরেও সমবয়সীদের মিলন মেলায় হাজির হবার জন্য লাঠিতে ভর করে চলে আসি। দেখা হয় কতজনের সাথে। খুব ভালো লাগে। প্রতিবারই ভাবি আবার যেন সামনের বার আসতে পারি। এখানে একদিনের জন্য হলেও দিনটি আনন্দে কাটে।

অন্যতম আয়োজন কুতুব উদ্দীন জানান, মানুষের বয়স হলে অবহেলা আর অনাদরে কাটে। তাদের একটি দিনের জন্য হাসিমুখ দেখতে, প্রবীনদের একাকিত্ব দুর করতেই দশ বছর ধরে ফেব্রুয়ারি মাসের ৩য় আজ শুক্রবার এমন আয়োজন করা হয়।

এই মিলন মেলায় এবার বাজেট ছিলো ২ লাখ টাকা। যার সিংহভাগ ব্যয়ভার বহন করেছে আমেরিকা প্রবাসী আবুল বাশার, হাজি হাসেম আলী ও মামুন হোসেনসহ স্থানীয় ৫২ জন দাতা।

মেহেরপুরে বিপি দিবস পালন

মেহেরপুর জেলা রোভারের আয়োজনে বিপি দিবস ও সিনিয়র রোভারমেট ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ১২ টার সময় মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের চাঁদবিলের পাওনিয়ার স্কুল ও প্রফেশনাল কলেজে এ ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে।

জেলা রোভারের সহ সভাপতি নুরুল আহম্মেদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা রোভারের কমিশনার প্রফেসর রফিকুল ইসলাম।

জেলা রোভারের সম্পাদক ফররুখ আহমদ উজ্জলের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা রোভারের কোষাধ্যাক্ষ রফিকুল আলম বকুল, সহকারী কমিশনার জাহির হোসেন চঞ্চল, সহকারী কমিশনার ওয়াহিদুজ্জামান টিটু এবং সিনিয়র রোভারমেট অনিক ইসলাম। অনুষ্ঠানে বিভিন্ন ইউনিটের আরএসএলসহ রোভার সদস্যরা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর রফিকুল ইসলাম রোভারের জনক ব্যাডেল পাওয়েল এর জীবনের বিভিন্ন মানবিক দিক ও রোভারিং সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি আজকের বিপি দিবসের তাৎপর্য ও গুরুত্ব উপলব্ধি করে সেবার মন্রে উজ্জীবিত হতে রোভার সদস্যদের প্রতি আহবান জানান। তিনি এ রকম আন্তর্জাতিক মানের সেবা সংগঠন ও সকলের কাছে গ্রহণযোগ্য এ রকম একটি সংগঠন গড়ে তোলার জন্য ব্যাডেন পাওয়েলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। রোভার স্কাউটস সদস্যদের মানুষের সেবায় আত্মনিয়োগের করতে আহবান জানান।

আজ রাজধানী টিভির আনুষ্ঠানিক উদ্বোধন

বস্তুনিষ্ঠ খবর পরিবেশনের অঙ্গীকার নিয়ে শুভ উদ্বোধন হতে যাচ্ছে রাজধানী টিভির। এ উপলক্ষে আজ বৃহস্পতিবার (২২ ফেব্রুয়ারি) সন্ধ্যায় ঢাকার শাহবাগস্থ ঢাকা ক্লাবে আয়োজন করা হয়েছে সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশভোজ।

এছাড়াও বাংলাদেশ সরকার অনুমোদিত বেসরকারি টিভি চ্যানেল (আইপি) রাজধানী টেলিভিশনের প্রতিনিধি সম্মেলন আয়োজন করা হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রীর শিক্ষা ও সাংস্কৃতিক বিষয়ক উপদেষ্টা ডঃ কামাল আবদুল নাসের চৌধুরী।

রাজধানী টেলিভিশনের চেয়ারম্যান এম এ এস ইমন বিশিষ্ট রাজনৈতিক, সাংস্কৃতিক ও মিডিয়া ব্যক্তিত্বসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষকে উপস্থিত থাকার আহ্বান জানিয়েছেন।

রাজধানী টেলিভিশন আনিশা গ্রুপের একটি প্রতিষ্ঠান। গ্রুপের জনপ্রিয় আরেকটি প্রতিষ্ঠান দৈনিক মেহেরপুর প্রতিদিন। যা ইতোমধ্যে মেহেরপুর সহ আশেপাশের জেলাগুলো ব্যপক জনপ্রিয়তা পেয়েছে।

মেহেরপুরে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান

মেহেরপুরে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ বুধবার (২১ ফেব্রুয়ারি) জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার এস এম নাজমুল হক,স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ শামীম হোসেন।

জেলা শিল্পকলা একাডেমীর নির্বাহী সদস্য আবুল হাসনাত দিপুর সঞ্চালনায় অনুষ্ঠানে অতিরক্ত জেলা প্রশাসক তানভীর হোসেন রুমন, সরকারি কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মিকাইল হোসেন, সাজিদুর রহমান,আবীর হোসেন,জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান,সহ সভাপতি নুরুল আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

এসময় সাংস্কৃতিক অনুষ্ঠানে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী শিল্পীবৃন্দ সঙ্গীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশন করে অতিথি ও দর্শকদের মন জয় করে।

মুজিবনগরে শিবপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ে মহান শহীদ দিবস পালিত

মুজিবনগরে যথাযোগ্য মর্যাদায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে।

দিবসটি উদযাপন উপলক্ষে আজ বুধবার সকালে শিবপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের প্রাঙ্গণে অবস্থিত শহীদ বেদীতে পুষ্পমাল্য অর্পণ করে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

পুষ্পস্তবক অর্পণ করেন অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুস সালাম, বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি আলহাজ ফকির মোহাম্মদ সহ বিদ্যালয়ের শিক্ষক, ম্যানেজিং কমিটির সদস্য এবং শিক্ষার্থীবৃন্দ।

শহীদ বেদীতে পুষ্পমাল্য অর্পণ শেষে বিদ্যালয়ের সভাকক্ষে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের তাৎপর্যের উপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

“বাঙালিদের অস্তিত্বের জানান দেওয়াই ছিলো ২১শে ফেব্রুয়ারি”……. এমপি সাগর

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য ডাক্তার আবু সালেহ মোহাম্মদ নাজমুল হক সাগর বলেন, একুশে ফেব্রুয়ারি শুধু একটি আন্দোলন ছিলনা, একুশে ফেব্রুয়ারি ছিলো বাঙালি জাতিসত্তার প্রাথমিক দাবি। বাঙালিদের অস্তিত্বের জানান দেওয়াই ছিলো ২১শে ফেব্রুয়ারি। শুধু ভাষার জন্য নয়, বাঙালিকে বিশ্বের বুকে তুলে ধরতেই ভাষা আন্দোলন শুরু হয়েছিল। তাই ভাষাকে বিকৃত করে নয়, শুদ্ধ ভাষায় বাংলা ভাষা শিখতে হবে।

গাংনী উপজেলা প্রশাসন কর্তৃক মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের পুরুস্কার বিতরণী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে আজ বুধবার বেলা ১২ টার সময় এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক, গাংনী পৌরসভার মেয়র ও জেলা আওয়ামী লীগের সদস্য আহমেদ আলী, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, গাংনী থানার তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দী।

এছাড়া বক্তব্য রাখেন, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান

ফারহানা ইয়াসমিন, মেহেরপুর জেলা পরিষদের সদস্য শাহানা ইসলাম শান্তনা, গাংনী সরকারি ডিগ্রী কলেজের প্রভাষক নাসির উদ্দিন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল।

প্রধান অতিথির বক্তব্যে নাজমুল হক সাগর এমপি আরও বলেন, বাঙালি জাতির ইতিহাস, হাজার বছরের। বৃটিশরা ২০০ বছর শাসন ও শোষণ করতে পারলেও আমাদের ভাষা ও সংস্কৃতিকে কেড়ে নিতে পারিন। পাকিস্তানি হানাদার বাহিনী বাঙালির শেষ সম্বল ভাষাটুকুও কেড়ে নিতে চেয়েছিল। কিন্ত তারা সেটা পারেনি।

তিনি বলেন, শুধু উপজেলা বা জেলা পর্যায়ে ভাষা দিবসের এই আলোচনা সীমাবদ্ধ রাখলে হবেনা। ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে এর তাৎপর্য ছড়িয়ে দিতে হবে। যাতে ভাষা আন্দোলনের ইতিহাস নতুন প্রজন্মের মধ্যে দেশপ্রেম জাগ্রত করে। আজ বিশ্বজুড়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হচ্ছে। আমরা বাংলা ভাষাকে মাতৃভাষা হিসেবে পেয়েছি। পাকিস্তানি বাহিনী উর্দুকে রাষ্ট্রভাষা করতে চেয়েছিল। কিন্তু আমাদের জাতির পিতাসহ অন্যান্য ভাষা সৈনিকেরা সেদিন তীব্র আন্দোলন করে রক্তের বিনিময়ে বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠা করেছিলো। এই অর্জন এতো সহজ ছিল না। অনেক ত্যাগ ও রক্তের বিনিময়ে এই অর্জন।বিশ্বের বুকে একমাত্র বাংলাদেশই মাতৃভাষার জন্য আন্দোলন করেছে। ভাষা আন্দোলনের ইতিহাস নতুন প্রজন্মকে জানাতে হবে। ভাষা আন্দোলনের ইতিহাস নতুন প্রজন্মের মধ্যে দেশপ্রেম জাগ্রত করবে।

এমপি সাগর আরও বলেন, নতুন প্রজন্মকে শুদ্ধ বাংলা বলা শেখাতে হবে। ইংলিশ, আরবি ভাষা শিখবে বিশ্বের বুকে দাঁড়াতে। শুদ্ধ বাংলা ভাষা অবশ্যই শিখতে নিজের অস্তিত্বকে টিকিয়ে রাখতে। স্মার্ট বাংলাদেশ গড়তে ও বিশ্বের বুকে টিকে থাকতে ইংরেজি ভাষাও শিখতে হবে। তবে, মাতৃভাষার প্রতি শ্রদ্ধা ও ভালবাসা থাকতে হবে।

প্রধান অতিথি নাজমুল হক সাগর আরও বলেন, যারা বাংলাদেশকে নিজের দেশ মনে করেনা, তারাই বিদেশে টাকা পাচার করে। নিজের দেশের প্রতি প্রেম থাকতে হবে। তারাই ভবিষ্যতে প্রজন্মকে ধ্বংস করতে বাধাগ্রস্ত করছে।

‘আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’ উপলক্ষে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা, মহান কবিতা আবৃত্তি, রচনা প্রতিযোগীতায় অংশগ্রহণকারীদের মাঝে পুরস্কার বিতরণ করেন অনুষ্ঠানের প্রধান

অতিথি ডাক্তার এএসএম নাজমুল হক সাগর এমপি।

আমঝুপিতে অমর একুশে ফেব্রুয়ারি পালন

আমঝুপিতে অমর একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে। আজ বুধবার (২১ ফেব্রুয়ারি) ভোরে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

এসময় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন আমঝুপি ইউনিয়ন পরিষদের পক্ষে চেয়ারম্যানের জেষ্ট পুত্র মোঃ সেলিম রেজা, ইউপি সদস্য আবুল কাশেম, মকবুল হোসেন, আঃ মজিদ, বনিতা খাতুন, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহম্মদ আলী, আতিক থান্দার, ফয়জুল কবির, শরিফ আহমেদ, রাসেল আহমেদ, আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমীন, হাফিজুজজামান, রাফিউল, ফারাহ হোসেন লিটন, আসাদুল, রুবেল, নার্গিস, সাহানাজ, আমঝুপি আলীম মাদরাসার মাহাবুব আলম, আলামিন, শারফুল, শফিকুল, ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধা মতিয়ার রহমান, সাধারণ সম্পাদক আনোয়ার সাদাত, আসাদুল হক মন্টু, টুটুল, আঃ জলিল, আরফাজ হোসেন, মিল্টন, বাংলাদেশ কৃষকলীগ সভাপতি মহাবুব হক, ওয়াড সভাপতি নজরুল ইসলাম, আমঝুপি বিএডিসির পরিচালক জিয়াউর রহমান, আবু তাহের, ইকবাল হোসেন, আনিছুর রহমান, পাবলিক ক্লাবের সোহেল রানা সবুজ, শহিদুল ইসলাম সাগর প্রমুখ।

পরে সকালে ৭টার দিকে আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের কার্যালয়ের সামনে প্রধান অতিধি হিসেবে উপস্থিত থেকে জাতীয় পতাকা উত্তোলন করেন চেয়ারম্যান রোবহান উদ্দিন আহম্মেদ চুন্নু ।

এ সময় মতিয়ার রহমান, আনোয়ার সাদাত, মাহাবুব হক, আঃ জলিল, ফারুক, মন্টু, সাজ্জাদ হোসেন, রবিউলরাও উপস্থিত ছিলো।

মুজিবনগরে মাতৃভাষা দিবসের প্রথম প্রহরে শহীদ বেদীতে শ্রদ্ধাঞ্জলি অর্পন

মুজিবনগরে যথাযোগ্য মর্যাদায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে।দিবসটি উপলক্ষে বুধবার রাতের প্রথম প্রহরে ১২.১ মিনিটে শহীদ বেদীতে রাষ্টের পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন উপজেলা প্রশাসনের পক্ষে উপজেলা নির্বাহী ভারপ্রাপ্ত অফিসার নাজমুস সাদাত রন্ত ও উপজেলা চেয়ারম্যান জীয়াউদ্দীন বিশ্বাস।

এর পরে মুজিবনগর থানার পক্ষে অফিসার ইনচার্জ উজ্জ্বল দত্ত,বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন এর নেতৃত্বে জাতীর শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা ও সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ এর নেতৃত্বে উপজেলা আওয়ামীলীগ, উপজেলা যুবলীগ,উপজেলা সেচ্ছাসেবকলীগ এর সহ সভাপতি মতিউর রহমান মতিন এর নেতৃত্বে উপজেলা সেচ্ছাসেবক লীগ, উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজিব এর নেতৃত্বে উপজেলা কৃষকলীগ, ছাত্রলীগের পক্ষে মোনাখালী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি স্বপন গাজী ও বাগোয়ান ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ নেতৃত্বে উপজেলা ছাত্রলীগ, ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজের নেতৃত্বে মোনাখালী ইউনিয়ন পরিষদ, উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদীকা তাহমিনা খাতুনের নেতৃত্বে যুব মহিলা লীগের, মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে মহাজনপুর ইউনিয়ন পরিষদ, মুজিবনগর উপজেলার ইয়াং বাংলা ফিউচার লিডার সভাপতি হাসানুজ্জামান লালটুর নেতৃত্বে ইয়াং বাংলা ফিউচার লিডার, সহ আওয়ামীলীগের বিভিন্ন অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ পুষ্পার্ঘ অর্পণ করেন ।

এছাড়াও বিভিন্ন সামাজিক রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠন এবং শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষে পুষ্পার্ঘ অর্পণ করা হয়।

মানববন্ধনের মাইক বন্ধে পুলিশ পাঠিয়ে, ইউএনওর দুঃখ প্রকাশ

মেহেরপুরে সাংবাদিকের ওপর হামলার প্রতিবাদে গাংনী উপজেলা প্রেসক্লাবের উদ্যোগে দীর্ঘ মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

এদিকে মানববন্ধন কর্মসূচিতে বক্তব্য চলাকালীন সময়ে পুলিশ পাঠিয়ে মাইক বন্ধের নির্দেশ দিয়ে পরে দুঃখ প্রকাশ করেছেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

আজ মঙ্গলবার (২০ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ১০টার দিকে গাংনী উপজেলা প্রেসক্লাবের সামনে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের পাশে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এমএ লিংকনের সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধনে প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক এম এ খালেক।

প্রধান অতিথির বক্তব্যে এম এ খালেক বলেন, সাংবাদিকদের উপর হামলার ঘটনার সাথে জড়িত দু’জনকে গ্রেফতার করা হয়েছে। বাকি আসামিদের দ্রুত গ্রেফতার করে আইনের আওতায় আনতে হবে।

দৈনিক ইত্তেফাক পত্রিকার গাংনী সংবাদদাতা আমিরুল ইসলাম অল্ডামের সঞ্চালনায় মানববন্ধন কর্মসুচিতে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, জেলা আওয়ামী লীগের উপদেষ্টা মন্ডলীর সদস্য একরামুল হক, তেরাইল জোড়পুকুরিয়া বঙ্গবন্ধু ডিগ্রি কলেজের অধ্যক্ষ মাসুমুল হক মিন্টু, বাঁশবাড়িয়া টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজম্যান্ট কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের গাংনী এরিয়া সমন্বয়কারি হেলাল উদ্দিন, এনজিও কর্মী নুরুল ইসলাম রিন্টু, সমাজ কর্মী, আব্দুর রব প্রমুখ।

এদিকে মানববন্ধন কর্মসূচি পালনকালিন সময় গাংনী থানার এস আই

তৌহিদ উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার উদ্ধৃতি দিয়ে মাইক বন্ধ করার জন্য বলেন। বিষয়টি নিয়ে সাংবাদিকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়।

মানববন্ধন কর্মসূচি পালন শেষ সাংবাদিকরা উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার অফিসকক্ষে দেখা করেন। এবং মাইক বন্ধ করতে পুলিশ পাঠানোর বিষয়টি জানতে চান। পরে ইউএনও প্রীতম সাহা বলেন, এসএসসি পরীক্ষা চলার কারনে মাইক বন্ধ করার জন্য ওসি সাহেবকে ফোন দিয়ে মাইক বন্ধ করে দেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে।

এসএসসি পরীক্ষা চলাকালীন সময়ে গাংনী উপজেলা অডিটরিয়ামে উপজেলা পর্যায়ের জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতায় মাইক ব্যবহার করে উচ্চ শব্দে নাচ গান চলছে এটা কতটা যুক্তিযুক্ত?

মানববন্ধন চলাকালে বিভিন্ন ক্লিনিক ও মাংস বিক্রেতার একাধিক মাইকিংয়ের গাড়ি পাকা সড়কে যেতে দেখা গেছে তাদের জন্য কি ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে? গত বৃহস্পতিবার (১৫ ফেব্রুয়ারী) এসএসসি ও সমমানের পরীক্ষা শুরুর একদিন আগে সন্ধ্যায় প্রশাসনের নাকের ডগায় ও হাসপাতালের একশ গজ দূরে বিশাল কনসার্ট ও সেখানে সংঘর্ষের ঘটনা ঘটেছে, এসব ঘটনায় প্রশাসনের কোন নজরদারি দেখা যায়নি। এলাকায় ঘটে যাওয়া বিভিন্ন অনিয়ম ও অসংগতির সংবাদ প্রকাশ হলেও উল্লেখযোগ্য কোনো প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হয়না। প্রশাসনের নাকের ডগায় গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় অবৈধ ইটভাটা গড়ে তুলে বনাঞ্চল উজাড়সহ পরিবেশ দুষন ঘটানো, সরকারি যায়গা দখল করে বাড়িঘর নির্মাণ, ড্রেজার মেসিন দিয়ে অবৈধভাবে বালি উত্তোলন, দাপ্তরিক কাজ ফেলে রেখে সরকারি সকল দফতরের কর্মকর্তাদের নিয়ে বিভিন্ন কর্মসূচিতে যোগদানের বিষয়ে সাংবাদিকরা জানকে চাইলে এসব প্রশ্নের কোনো সদুত্তর মেলেনি ইউএনও প্রীতম সাহার কাছ থেকে।

তবে এসব প্রসঙ্গ উঠলে উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহা মানববন্ধনের ঘটনায় মাইক বন্ধের নির্দেশনায় দুঃখ প্রকাশ করেন। তবে তিনি বলেন, আপনারা নিউজ করতেই পারেন। আজ এখানে আছি কর্তৃপক্ষ মনে করলে বান্দরবন চলে যেতে হবে।

এদিকে আন্তর্জাতিক মাতৃভাষার মাসে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে উপজেলার করমদি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী তানভির আহমেদ মাইকের উচ্চ শব্দে হিন্দি গানের সাথে নেচে সমালোচনায় পড়েছেন আয়োজকরা।

এ বিষয়েও প্রশাসনের নজরদারির গাফেলতিকে দায়ী করছেন স্থানীয়রা।

পাশে সন্ধানী স্কুল এন্ড কলেজে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে তাহলে উচ্চ শব্দে মাইক বাজিয়ে এমন অনুষ্ঠানের বিষয়ে জানতে চাইলে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার নাসির উদ্দিন জানান এটা ইউএনও স্যারের প্রোগ্রাম। মাইক চললে কোন অসুবিধা নাই। তবে বিষয়টি নিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে জানালে ইউএনও প্রীতম সাহা অফিসের সহায়ক মনিরুল ইসলামকে পাঠিয়ে মাইক বন্ধ করার নির্দেশ দেন।

উল্লেখ্য, গেল ১২ ফেব্রুয়ারী আমঝুপি মানব উন্নয়ন কেন্দ্র (মউক) সংস্থা অফিসের সামনে সড়ক দূর্ঘটনার সংবাদ সংগ্রহকালে নিউজ ২৪ এর স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান ও দৈনিক জবাবাদিহি পত্রিকার জেলা প্রতিনিধি সিরাজুদ্দোজা পাভেল দূর্বৃত্তদের হাতে হামলার শিকার হন। এই নিয়ে সাংবাদিকরা বিভিন্ন প্রতিবাদ কর্মসুচি পালন করে আসছে।

মেহেরপুরে ইসলামিক সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

ইসলামিক ফাউন্ডেশন মেহেরপুরের উদ্যোগে জেলা পর্যায়ে জাতীয় শিশু কিশোর ইসলামিক সাংস্কৃতিক প্রতিযোগিতার সনদপত্র ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান ২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ১০ টার সময় ইসলামিক ফাউন্ডেশন মেহেরপুর জেলার উদ্যোগে জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জি এম সিরাজুম মূনীমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক শামীম হাসান।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মোঃ আহসান খান ও জেলা তথ্য অফিসার আবদুল্লাহ আল মামুন প্রমুখ।

এর আগে মেহেরপুর জেলার তিনটি উপজেলায় বিজয়ী প্রতিযোগীদের নিয়ে জেলা পর্যায়ে আজান, কিরাত, হামদ/নাত, উপস্থিত বক্তৃতা, কবিতা, রচনা ও ইসলামী জ্ঞানসহ ৭ টি বিষয়ে ২০ টি গ্ৰুপে ইসলামিক সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় ও প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে প্রধান অতিথি ও বিশেষ অতিথিরা সনদপত্র ও পুরস্কার তুলে দেয়।